



Cynulliad National
Cenedlaethol Assembly for
Cymru Wales

আপনার মতামত দিন এবং আমাদের ইকুয়েলিটিজ স্কীম এর উন্নয়নে সাহায্য করুন

ওয়েলস্ কমিশন এর ন্যাশন্যাল অ্যাসেম্বলি তার সিঙ্গেল ইকুয়েলিটিজ স্কীম এন্ড অ্যাকশন প্ল্যান এর উন্নয়নের মাধ্যমে কমিশন অগ্রাধিকার ইকুয়েলিটিজ (সমতা) বিষয়গুলো চিহ্নিত করণে সচেষ্ট। যে সকল বিষয় সমূহের উপর আলোকপাত করে আমাদের পরিকল্পনা গ্রহন করা হয়েছে সে গুলো হলো: বয়স, প্রতিবন্দীকতা, লিঙ্গ/লিঙ্গগত পরিচয়, বর্ণ/জাতিগত উৎপত্তি, ধর্ম/বিশ্বাস এবং সেক্সুয়াল ওরিয়েন্টেশন।

নিয়োগকর্তা ও অ্যাসেম্বলি মেম্বারদের পরিষেবা প্রদান এবং ওয়েলস্ এর জনসাধারণের সাথে পারস্পরিক সহযোগিতার মাধ্যমে কাজ করে এই রূপ একটি প্রতিষ্ঠান হিসাবে অ্যাসেম্বলি কমিশনের যেসকল ভূমিকা রয়েছে তা স্কীমের মাধ্যমে প্রতিপন্ন করা যাবে। আমরা মনে করি স্বল্প প্রতিনিধিত্বশীল জনগোষ্ঠীর সহজ অ্যাসেম্বলি অ্যাক্সেস নিশ্চিত করা আমাদের অগ্রাধিকার ভিত্তিতে বিবেচ্য বিষয়গুলোর একটি। যার দ্বারা আমরা বুঝতে চাই যে তথ্য প্রাপ্তি, অ্যাসেম্বলির অধিবেশনে অংশ গ্রহন, কর্মক্ষেত্রে সম্ভাব্য নিয়োগ বিষয়ে অংশ গ্রহনের সুযোগ ও সেভেড সহ আমাদের ভবন সমূহে প্রবেশ সুবিধা ইত্যাদি। কিভাবে প্রাপ্য সুযোগ সুবিধা গ্রহনে আপনার প্রবেশাধিকার সহজতর করা যায় সে বিষয়ে হয়তো আপনার কোন সুপারিশ থাকতে পারে।

নিম্নোল্লিখিত বিষয় গুলো সম্পর্কে আপনার ধারণা এবং সেগুলি যেভাবে আপনি, আপনার পরিবার/বন্ধুবান্ধব এবং আপনার কমিউনিটির লোকজনকে প্রভাবিত করতে পারে বলে আপনি মনে করেন, আমরা তা আপনার থেকে শুনতে আগ্রহী। **অনুগ্রহ করে এসব নিয়ে আপনার পরিবার, বন্ধুবান্ধব এবং আপনি যাকে এই সকল বিষয়ে আগ্রহী মনে করেন তার সাথে আলাপ করুন।**

আপনি যদি আপনার মতামত সরাসরি আমাদেরকে অবহিত করতে চান তাহলে অনুগ্রহ করে আমাদের ইকুয়েলিটিজ টীম এর সাথে নিচের ই-মেইল: equalities.team@wales.gsi.gov.uk এর মাধ্যমে যোগাযোগ করুন অথবা ফোনে হিলি বা রস্ (ইকুয়েলিটিজ টীম) এর সাথে যোগাযোগ করুন, ফোন নাম্বার 029 2089 8204, আপনার মতামত জানানোর শেষ সময় 29 আগস্ট 2008.

অনুগ্রহ পূর্বক নিচের বিষয়গুলো সম্পর্কে আপনার মতামত দিন

তথ্যাদি আদান-প্রদানে প্রবেশ সুবিধা

- আপনি কি জানেন কিভাবে ওয়েলস্ এর ন্যাশন্যাল অ্যাসেম্বলি সম্পর্কিত তথ্যাদি পেতে পারেন?
- আপনি কি কখনও আমাদের ওয়েব সাইট (www.assemblywales.org) এ প্রবেশ করেছেন? তা কেমন? কোন বিষয়টি সহজে ব্যবহারযোগ্য? কিভাবে তার উন্নয়ন করা যেতে পারে?
- ইংরেজি এবং ওয়েলস্ ভাষা ছাড়াও অন্যান্য ভাষায় আমাদের কি তথ্যাদি পরিবেশন করা উচিত?
- আপনি কি জানেন কিভাবে আপনার অ্যাসেম্বলি মেম্বারদের সাথে যোগাযোগ করবেন?

নিয়োগ সংক্রান্ত সুযোগ সুবিধায় প্রবেশ

- আপনি কি চাকুরী সংক্রান্ত আমাদের বিজ্ঞাপন গুলো নিয়মিত দেখেন?
- এই সকল বিজ্ঞাপন আপনি কোথায় দেখতে আগ্রহী?
- কোন কারণে আমাদের সাথে একটি চাকুরীর আবেদন করতে আপনি উৎসাহিত হবেন?
- কেন কারণে আপনি তা করতে উৎসাহ বোধ করবেন না?

কার্যবিবরণী বা অধিবেশনে অংশ গ্রহনে সুবিধা

- আপনি কি জানেন যে আপনি অ্যাসেম্বলি কার্যবিবরণী প্রত্যক্ষ করতে পারেন? আপনি কি কখনও তা করেছেন? যদি করেন তাহলে আপনার মতামত কি?
- আপনি কি জানেন যে ইন্টারনেটেও অ্যাসেম্বলি মিটিং প্রত্যক্ষ করা যেতে পারে? আপনি কি জানেন তা কোথায়?
- আপনি কি অ্যাসেম্বলি এর পিটিশনিং পদ্ধতি সম্পর্কে অবগত, যার দ্বারা জনসাধারণের কোন সদস্য কোন একটি নির্দিষ্ট বিষয় সম্পর্কে অ্যাসেম্বলি কে বিবেচনা করার অনুরোধ করতে পারেন?

আমাদের ভবন সমূহে প্রবেশ সুবিধা

- আপনি কি কখনও কার্ডিফ বে এর সেভেড ভবনে প্রবেশ করেছেন? আপনি ভবনটি একবার ভ্রমণ করতে আসুন, কার্যবিবরণী দেখুন অথবা কেবল মাত্র যা দেখা হয়নি তা দেখতে আসুন এবং আমাদের ক্যাফে পরিদর্শন করুন।
- আপনি যদি ইতিমধ্যে সেভেড ভবন পরিদর্শন করে থাকেন, আপনার ধারণা কি? কোন বিষয়টির উন্নয়ন সাধন করা উচিত?

উপরের বিষয় সমূহ ব্যতীত কি এমন কোন বিষয় রয়েছে যা আমাদেরকে অবহিত করা উচিত?

আপনি সেভেড এ কোন অধিবেশন বা কমিটি মিটিং এ কোন আসন অথবা একটি পরিদর্শনের জন্য আমাদের বুকিং লাইন 0845 010 5500, টেক্সট 0845 010 5678 তে যোগাযোগ করে বুক করতে পারেন।

অথবা ইমেইল করতে পারেন : assembly.bookings@Wales.gsi.gov.uk

অথবা লিখতে পারেন : Assembly Booking Service, National Assembly for Wales, North Wales Visitor Centre, Princes Park, Princes Drive, Colwyn Bay, Conwy LL29 8PL